সৌমিত্রের অবস্থা সঙ্কটজনক, ভেন্টিলেশনে রাখার চিন্তা

কিংবদন্তি অভিনেতা সৌমিত্র চট্টোপাধ্যায়ের শারীরিক অবস্থার আবারও অবনতি ঘটেছে। তাকে ভেন্টিলেশনে রাখার কথা ভাবছেন বেলভিউ হাসপাতালের চিকিৎসকরা।

রবিবার রাতে হাসপাতাল সূত্রে জানানো হয়েছে, সৌমিত্রের শরীরে সোডিয়াম, পটাশিয়ামের তারতম্য ঘটেছে। বয়স ও নানা আনুষঙ্গিক রোগের জেরে পারিপার্শ্বিক সংক্রমণ শুরু হচ্ছে। তার হৃদযন্ত্র, লিভার-সহ বিভিন্ন অঙ্গ প্রত্যঙ্গ এখনও সচল। তবে রক্তে অণুচক্রিকা কমছে, ইউরিয়াও বাড়ছে। বর্ষীয়ান এই অভিনেতার শারীরিক জটিলতা ও কো মর্বিডিটি চিকিৎসার পথে বাধা হয়ে দাঁড়াচ্ছে।

হাসপাতাল সূত্রে আরও জানানো হয়েছে, তার শরীরে ‘সেকেন্ডারি ইনফেকশন’-এর আভাস মিলেছে। রক্তে অক্সিজেনের পরিমাণে তারতম্য হওয়ায় মাঝে মাঝেই বায়োপ্যাপ সাপোর্ট প্রয়োজন হচ্ছে। তাকে ইনভেসিভ সাপোর্ট বা ভেন্টিলেশনে রাখার কথা ভাবনাচিন্তা করছেন চিকিৎসকরা। তবে তার আগে কিডনি ও স্নায়ুরোগ বিশেষজ্ঞদের পরামর্শ নিচ্ছে মেডিকেল টিম।

বেলভিউ হাসপাতালে দুই সপ্তাহের বেশি সময় ধরে চিকিৎসাধীন সৌমিত্র। করোনা আক্রান্ত অবস্থায় তাকে হাসপাতালে ভর্তি করা হয়। গত সপ্তাহে তার করোনা রিপোর্ট নেগেটিভ আসে। সেই সঙ্গে চিকিৎসাতেও সাড়া দিতে থাকেন তিনি। কিন্তু তার শারীরিক অবস্থা আবারও সঙ্কটজনক হয়ে পড়েছে। সমস্যা বাড়িয়েছে মস্তিষ্কে সংক্রমণ অভিঘাত (কোভিড এনসেফ্যালোপ্যাথি) এবং স্নায়বিক অবস্থা। তার ফলে তিনি বেশিরভাগ সময়ে তন্দ্রাচ্ছন্ন অবস্থায় রয়েছেন।

চিকিৎসকদের বক্তব্য, আচ্ছন্ন চেতনায় মস্তিষ্কে সংক্রমণের অভিঘাতে রোগীর বয়স ও আনুষঙ্গিক রোগগুলিই বিপজ্জনক হতে পারে। এ বিষয়ে ইতোমধ্যেই আন্তর্জাতিক বিশেষজ্ঞদের পরামর্শও নেওয়া হয়েছে।

প্রসঙ্গত, ১৯৩৫ সালের ১৯ জানুয়ারি নদীয়া জেলার কৃষ্ণনগরে জন্মগ্রহণ করেন সৌমিত্র চট্টোপাধ্যায়। তিনি কলকাতা বিশ্ববিদ্যালয়ের আমহার্স্ট স্ট্রিট সিটি কলেজে সাহিত্য নিয়ে পড়াশোনা করেন।

১৯৫৯ সালে তিনি প্রথম সত্যজিৎ রায়ের পরিচালনায় অপুর সংসার ছবিতে অভিনয় করেন। সত্যজিতের ৩৪টি সিনেমার ভেতর ১৪টিতে অভিনয় করেছেন সৌমিত্র চট্টোপাধ্যায়।

সূত্র: আনন্দবাজার।

মাদক কিনতে গিয়ে গ্রেফতার ভারতীয় অভিনেত্রী

অভিনেতা সুশান্ত সিং রাজপুতের মৃত্যুর তদন্তে বলিউডের সঙ্গে মাদকযোগের বিষয়টি বহু আগেই উঠে এসেছে। ভারতের নারকোটিক্স কন্ট্রোল ব্যুরো (এনসিবি) এ বিষয়ে আলাদা করে তদন্তে নেমে ইতোমধ্যে সুশান্তের চর্চিত বান্ধবী রিয়া চক্রবর্তী ও তার ভাই সৌভিক চক্রবর্তীকে গ্রেফতার করে। রিয়া শর্ত সাপেক্ষে জামিন পেলেও সৌভিক এখনও জেলেই রয়েছেন।

সেই ধারাবহিকতায় এবার মাদক কেনার সময় হাতেনাতে ধরা পড়লেন টিভি অভিনেত্রী প্রীতিকা চৌহান। রবিবার মুম্বাইয়ের ভারসোবা এলাকা থেকে তাকে গ্রেফতার করেছে নারকোটিক্স কন্ট্রোল ব্যুরো (এনসিবি)। একই সঙ্গে মাদক কারবারে যুক্ত আরও চারজন ধরা পড়েছে এনসিবির গোয়েন্দাদের হাতে।

কিন্তু কীভাবে এনসিবির জালে পড়লেন ‘সাবধান’, ‘দেবো কে দেব মহাদেব’-এর মতো টিভি ধারাবাহিকে অভিনয় করা প্রীতিকা। এনসিবি সূত্রে খবর, বলিউডের মাদকযোগের তদন্তে নেমে বেশ কয়েকটি মাদক কারবারের মডিউলের সন্ধান পান গোয়েন্দারা। তেমনই একটি কারবারের খবর এসেছিল ভারসোবা থেকে। সেই সূত্রে এদিন সাদা পোশাকে ভারসোবার দুটি এলাকায় নজরদারি চালাচ্ছিল গোয়েন্দারা। তার মধ্যেই প্রীতিকা একটি জায়গায় মাদক কিনতে আসেন। এর পরই ধরা পড়েন হাতেনাতে।

এনসিবির গোয়েন্দা সূত্রে খবর, আদালতে পেশ করে প্রীতিকাকে নিজেদের হেফাজতে নেওয়ার আবেদন জানাবেন তারা। নিজের জন্য মাদক

কিনছিলেন প্রীতিকা, নাকি অন্য কারও জন্য, সেই বিষয়টি জানার চেষ্টা চলছে। মাদক কারবারে, অর্থাৎ কিনে অন্য কোথাও বিক্রির সঙ্গেও প্রীতিকা যুক্ত কি না, সেই বিষয়টি নিয়েও তদন্ত শুরু হয়েছে। সূত্র: আনন্দবাজার

চুলের জন্য বাদ পড়লেন বাপ্পী

নির্মাতা দেলোয়ার জাহান ঝন্টু বাপ্পী চৌধুরী ও দিঘীকে নিয়ে ‘তুমি আছো তুমি নেই’ শিরোনামে ছবি নির্মাণের ঘোষণা দিয়েছিলেন। গত ১৭ অক্টোবর তিনি এই ঘোষণা দেন। সেই ঘোষণার এক সপ্তাহ পার হতে না হতেই নায়ক বাপ্পীকে বাদ দেওয়া হল ছবিটি থেকে।

সূত্রের খবর, চুলের জন্য নাকি বাদ পড়েছেন বাপ্পী চৌধুরী। বাপ্পির বদলে দিঘীর বিপরীতে নায়ক হিসেবে নেয়া হয়েছে সাইমন সাদিককে। বাপ্পি তার সাইনিং মানিও ফিরিয়ে দিয়েছেন বলে জানা গেছে।

এ বিষয়ে ছবির পরিচালক দেলোয়ার জাহান ঝন্টু বলেন, আমার সিনেমায় নায়কের বড় চুল লাগবে। বাপ্পির সঙ্গে যখন চুক্তি করেছিলাম তখন ভেবেছিলাম তাকে উইগ পরিয়ে শুটিং করব।

কিন্তু বাপ্পি উইগ পরতে রাজি হয়নি। আর এখন তার চুল সেই পর্যায়ে নেই। চুল বড় করতে মিনিমাম দুই মাস সময় দিতে হবে তাকে। আমার হাতে অতো সময় নেই। বিষয়টি জানার পর বাপ্পি নিজে থেকে সিনেমা থেকে সরে দাঁড়িয়েছে।

তিনি আরও বলেন, বাপ্পি তার চূড়ান্ত সিদ্ধান্ত জানালে পরে বাপ্পির জায়গায় সাইমনকে চূড়ান্ত করি। দিঘী ও সাইমনকে নিয়ে আগামী ১৫ নভেম্বর থেকে ‘তুমি আছো, তুমি নেই’ ছবিটির শুটিং শুরু করব।

সোশ্যাল মিডিয়ায় উত্তাপ ছড়াচ্ছেন জ্যাকলিন!

বলিউড অভিনেত্রী জ্যাকলিন ফার্নান্ডেজ সোশ্যাল মিডিয়ায় তার নিজের ভক্তদের কখনো নিরাশ করেন না। বিভিন্ন ছবি দিয়ে সোশ্যাল মিডিয়ায় ভক্তদের আপডেট জানাতে থাকেন তিনি। এরই ধারাবাহিকতায় শুক্রবার ইনস্টাগ্রামে বিরাট মাইলস্টোন পৌঁছেন তিনি। ৪৬ মিলিয়ান ফলোয়ার অতিক্রম করেন এই অভিনেত্রী। সেই বিশেষ মুহূর্ত উপলক্ষ্যে করলেন ফটোশুট। ইনস্টাগ্রামে সেই ছবি শেয়ার করতেই উত্তাপ ছড়িয়েছে সোশ্যাল মিডিয়ায়।

একগুচ্ছ গোলাপ জড়িয়ে ধরে অংশ নিলেন ফটোশুটে। হাতে ধরা হলুদ-গোলাপি ফুল জড়িয়ে রাখলেও সাদা ট্রাউজার পরে ছিলেন জ্যকালিন। ছবির ক্যাপশনে নায়িকা লেখেন-লাভ ইউ এবং থ্যাঙ্ক ইউ। একদম টপলেস ফটোতে সুপারহট জ্যাকলিন সোশ্যাল মিডিয়ায় উষ্ণতার পারদ চড়ালেন।

করোনার কারণে প্রায় সাত মাস শুটিং সেট থেকে দূরে থাকার পর সদ্যই কাজে ফিরেছেন জ্যাকনিল। সম্প্রতি পিপিই কিটে ঘেরে ক্রু মেম্বারদের সঙ্গে ছবি পোস্ট করে তিনি লেখেন- ‘আমি ভুলে গিয়েছিলাম শুটিং করা কতটা মজার। ফিরে এসে ভালো লাগছে’।

এদিকে, করোনাভাইরাসের (কোভিড ১৯) কারণে যখন প্রথম লকডাউন শুরু হয়, সেই সময় থেকেই সালমান খানের সঙ্গে পানভেলে ছিলেন জ্যাকলিন ফার্নান্ডেজ। পানভেলের বাগানবাড়িতে খান পরিবারের সঙ্গেই কাটছিল সময়। কয়েক মাস সালমানের বাগানবাড়িতে কাটিয়ে মুম্বাইয়ে ফেরার পর বন্ধুর সঙ্গে ছিলেন জ্যাকলিন। তবে আনলক পর্ব শুরু হতেই শ্যুটিংয়ের কাজ শুরু করেন তিনি। একটি ব্র্যান্ডের শ্যুটিংয়ের কাজ শুরু করতেই করোনা পরীক্ষার মুখোমুখি হতে হয় জ্যাকলিনের প্রায় পুরো ইউনিটকে।

এবার মহেশ ভাটকে নিয়ে যে অভিযোগ তুললেন ভাতিজার স্ত্রী

অভিনেতা সুশান্ত সিং রাজপুতের মৃত্যুর পর থেকেই তোপের মুখে রয়েছেন বলিউডের আইকনিক নির্মাতা মহেশ ভাট। ‘কাই পো চে’ অভিনেতার প্রেমিকা রিয়া চক্রবর্তীর সঙ্গে এই নির্মাতার ঘনিষ্ঠতা নিয়ে অনেকেই প্রশ্ন তুলেছেন। পাশাপাশি সামাজিক যোগাযোগমাধ্যমে তাকে নিয়ে নানা বিদ্রূপ হচ্ছে।

এবার মহেশ ভাটকে বলিউডের সবচেয়ে বড় ডন আখ্যা দিলেন অভিনেত্রী লুভিয়েনা লোধ। তিনি সম্পর্কে মহেশ ভাটের ভাতিজা সুমিত সাভারওয়ালের স্ত্রী।

ফটো ও ভিডিও শেয়ারিং সাইট ইনস্টাগ্রামে একটি ভিডিও পোস্ট করেছেন লুভিয়েনা। তিনি বলেন, “মহেশ ভাটের ভাতিজা সুমিত সাভারওয়ালের সঙ্গে আমার বিয়ে হয়েছে। তবে ডিভোর্সের জন্য আবেদন করেছি। কারণ আমি জানতে পেরেছি তিনি স্বপ্না পাব্বি ও আমায়রা দাস্তুরের মতো অভিনেত্রীদের মাদক সরবরাহ করেন। আর বিষয়টি মহেশ ভাটে জানেন।”
মহেশ ভাটকে বলিউডের ডন আখ্যায়িত করে তিনি বলেন, “মহেশ ভাট ইন্ডাস্ট্রির সবচেয়ে বড় ডন। তার ইশারায় পুরো সিস্টেম চলে।

যদি কেউ তার নিয়ম অনুযায়ী না চলে তাহলে তার জীবন দুর্বিষহ করে দেন। কাজ কেড়ে নিয়ে মহেশ ভাট অনেকের জীবন ধ্বংস করে দিয়েছেন। তার এক ফোন কলেই মানুষ কাজ হারায়। তার বিরুদ্ধে মামলা দায়ের করার পর তিনি আমার বাড়ি থেকে আমাকে বের করার চেষ্টা করছেন। কেউ আমার অভিযোগ নিতে চায়নি। অনেক কষ্টের পর অভিযোগ দায়ের করতে পারলেও এ বিষয়ে এখনো কোনো ব্যবস্থা নেওয়া হয়নি।”

এই অভিনেত্রী জানান, তার ও পরিবারের নিরাপত্তা নিয়ে শঙ্কিত তিনি। লুভিয়েনা বলেন, “আমার অথবা পরিবারের কিছু হলে মহেশ ভাট, মুকেশ ভাট, সুমিত সাভারওয়াল, সাহিল সেহগাল ও কুমকুম সেহগাল দায়ী থাকবেন। সবার জানা উচিৎ আড়ালে এই মানুষগুলো কী করেন। কারণ মহেশ ভাট খুবই প্রভাবশালী।”

‘কাজরারে’ সিনেমার মাধ্যমে ২০১০ সালে বলিউডে পা রাখেন লুভিয়েনা। সিনেমাটিতে কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেন হিমেশ রেশমিয়া। এটি

পরিচালনা করেছেন মহেশ ভাটের মেয়ে পূজা ভাট। সূত্র: হিন্দুস্তান টাইমস, নিউজ১৮

মুরালিধরনের বায়োপিক বিতর্কে অভিনেতার মেয়েকে ধর্ষণের হুমকি

মুত্তিয়া মুরালিধরনের বায়োপিকে বিজয় সেতুপতির অভিনয় করার কথা প্রকাশ পেতেই তিনি সমালোচনার শিকার হয়েছিলেন। তাকে ‘বিশ্বাসঘাতক’ বলা হয়েছিল। তামিলদের ওপরে শ্রীলঙ্কার অত্যাচারের ইতিহাস সেতুপতি ভুলে গেছেন বলে আঙুল তোলা হচ্ছিল তার দিকে। কিন্তু এবারে সকল সীমা লঙ্ঘন করে গেলেন সমালোচকেরা। কারণ এবার এই তামিল অভিনেতার মেয়েকে ধর্ষণের হুমকি দিল এক টুইটার ব্যবহারকারী।

মুত্তিয়া মুরালিধরনের বায়োপিক ‘৮০০’ ছবিটিতে মুরালিধরনের ভূমিকায় অভিনেতা করার কথা প্রকাশ্যে আসতেই বিজয় সেতুপতি এবং এই ছবিটিকে বয়কটের ডাক উঠেছিল। কিন্তু এই ভয়াবহ চাপের মধ্যে পড়ে তাকে এই ছবি থেকে সরে দাঁড়াতে বাধ্য করেন ছবির পরিচালক, পিএমকে পার্টির প্রধান ডাঃ পি রামাদোস এবং রাজ্যের আরও দুই মন্ত্রী।

এরপর সিদ্ধান্ত হয়, তিনি অভিনয় করবেন না। তারপরে এক টুইটার ব্যবহারকারী বিজয়কে ট্যাগ করে লেখে, ‘একমাত্র তার মেয়েকে যৌন হেনস্থা করলেই এর শিক্ষা হবে। তখনই বুঝবে যে শ্রীলঙ্কার মানুষ কীভাবে তামিলদের ওপরে অত্যাচার করেছিল।’ চেন্নাই পুলিশ কমিশনার মহেশ কুমার জানালেন, অভিযুক্ত ব্যক্তির নামে মামলা দায়ের করা হয়েছে।

ভিড়ের মধ্যে পেছন থেকে শরীরে হাত, অতঃপর বখাটেকে যে ‘উচিত শিক্ষা’ দেন তাপসী!

তাপসী পান্নু, ভারতের দক্ষিণী সিনেমার জনপ্রিয় অভিনেত্রী। বলিউডের সিনেমাতেও দর্শকপ্রিয় তিনি। বিভিন্ন সিনেমায় সাহসী ভূমিকায় অভিনেতা করতে দেখা গেছে এই অভিনেত্রীকে। এবার আর সিনেমা নয়, বাস্তবেই দুর্দান্ত সাহসের নজির দেখালেন তাপসী।

তার সঙ্গে অসদাচরণ করায় এক ব্যক্তির আঙুল মটকে দিয়েছেন বলিউডের এই অভিনেত্রী । তাপসী এই ঘটনা জানিয়েছেন কারিনা কাপুর খানের রেডিও টক শো ‘হোয়াট উইমেন ওয়ান্ট’-এ।

তাপসী বলেন, ‘গুরুপরবের সময় আমরা গুরুদ্বারে যেতাম। তার ঠিক পাশের একটি খাবার স্টল ছিল যেখানে বাইরে থেকে আসা দর্শনার্থীদের খাবার দেওয়া হতো। জায়গাটিতে এতটাই ভিড় থাকত যে সব সময় ধাক্কাধাক্কি হতো। এর আগেও সেখানে আমার অদ্ভুত কয়েকটি অভিজ্ঞতা হয়েছিল। আমি জানতাম এ রকম ভিড়ে গেলে আবারও খারাপ কিছু একটা হতে পারে। সেভাবেই নিজেকে মানসিকভাবে প্রস্তুত রেখেছিলাম। আচমকা এক ব্যক্তি আমাকে পেছন দিক থেকে খারাপভাবে স্পর্শ করার চেষ্টা করে। আমি বুঝলাম আবার এক-ই ঘটনার পুনরাবৃত্তি ঘটছে। তৎক্ষণাৎ আমি ওই ব্যক্তির আঙুল ধরে তা মচকে দিই এবং খুব দ্রুত সেই জায়গা ছেড়ে বেরিয়ে আসি।’

পর্দায় তিনি বরাবরের সাহসিনী। লাইট-ক্যামেরা-অ্যাকশনের বাইরেও সেই একই রকম সাহসী তাপসী। অন্যায়ের বিরুদ্ধে গর্জে উঠেছেন। সাম্প্রতিককালে রিয়া চক্রবর্তীর সমর্থনে মুখ খোলায় অনেক বিরূপ মন্তব্য উঠেছে তার দিকে। কোনো কিছুকে তোয়াক্কা না করেই রিয়ার পাশে দাঁড়িয়েছেন তিনি। একইভাবে অভিনেত্রী পায়েল ঘোষ পরিচালক অনুরাগ কাশ্যপের বিরুদ্ধে শ্লীলতাহানি ও ধর্ষণের অভিযোগ আনার পর বন্ধু অনুরাগের পাশে ছিলেন তিনি। বন্ধুর কঠিন সময়ে তার সঙ্গে ছবি শেয়ার করে জানিয়েছিলেন অনুরাগই তার দেখা সব চেয়ে বড় একজন নারীবাদী মানুষ।

‘পাঠান’ ছবির কাজ শুরু করছেন শাহরুখ

দীর্ঘ সময় ধরে বড় পর্দা থেকে দূরে ছিলেন কিং খান শাহরুখ। ২০১৮ সালে ‘জিরো’ বক্স অফিসে মুখ থুবড়ে পড়ার পর বহু চিত্রনাট্য টেবিলে জমা হলেও কোনো ছবির কাজ হাতে নেননি। এবার কিং খান ভক্তদের অপেক্ষার পালা শেষ হতে চলেছে। নতুন ছবির কাজ হাতে নিয়েছেন শাহরুখ। আর এতে বেশ স্টাইলিশ লুকে দেখা যাবে তাকে।

মিড ডে জানিয়েছে, আগামী নভেম্বর মাসের শেষ দিকে শাহরুখ যশ রাজ স্টুডিওতে ‘পাঠান’ ছবির কাজ শুরু করবেন। প্রথম দুই মাসের স্লটে শাহরুখের দৃশ্যগুলোই ধারণ করা হবে। সিদ্ধার্থ আনন্দের এ ছবিতে শাহরুখের সহশিল্পী দীপিকা পাড়ুকোন ও জন আব্রাহাম। তারা ছবির সঙ্গে যুক্ত হবেন আগামী জানুয়ারিতে।

‘পাঠান’ ছবির মাধ্যমে প্রথমবারের মতো বড় পর্দায় একসঙ্গে দেখা যাবে শাহরুখ ও জনকে। ছবিতে দুইজনের বেশ কিছু অ্যাকশন দৃশ্য থাকবে। ‘পাঠান’ ছবিতে অ্যাকশন ডিরেক্টর হিসেবে থাকছেন পারভেজ শেখ। এর আগে ‘ওয়্যার’, ‘বেল বটম’ ও ‘বক্ষ্মাস্ত্র’ ছবিতে কাজ করেছেন এ অ্যাকশন ডিরেক্টর।

মাঝ দরিয়ায় ভালোবাসার রঙ ছড়ালেন আনুশকা-কোহলি, ছবি তুললেন ডি ভিলিয়ার্স

‘অস্তমিত সূর্যের শেষ আভায়…আমি তোমায় খুঁজে নিলাম’- মরু শহর দুবাইরে সমুদ্রে একে অপরের কানে একথাই বললেন বিরাট কোহলি-আনুশকা

শর্মা। সূর্য তখন দিনের শেষ আলো ছড়িয়ে অস্তমিত যাওয়ার প্রস্তুতি নিচ্ছে। এক বুক পানিতে ডুবে এক অপরকে আগলে ধরে নতুন স্বপ্ন লিখলেন হবু বাবা-মা। এ যেন এক নৈর্গসিক সৌন্দর্য। রবিবার রাতে নিজের ইনস্টাগ্রামের দেওয়া এই রোম্যান্টিক ছবিটি পোস্ট করেছেন স্বয়ং বিরাট কোহলি। আর এই ভালোবাসায় ভরপুর ছবিটি লেন্সবন্দী করেছেন কোহলির রয়্যাল চ্যালেঞ্জার্স ব্যাঙ্গালোরের সতীর্থ এবি ডি ভিলিয়ার্স।

এই ছবির ক্যাপশনে কোনও শব্দ ব্যবহার করেননি কোহলি। শুধু যোগ করেছেন কতগুলো হার্ট এবং সানসেটের ইমোজি। আসলে সব কথা তো এই ছবিই বলে দিচ্ছে। বিরুশকার এই ছবি দেখে আনন্দে আপ্লুত অনুরাগীরা। সবাই বলছেন- ‘এই ছবির ভিতরের সবকিছু পারফেক্ট’। অনেকে লিখেছেন-‘তোমাদের ভালোবাসা এভাবেই অটুট থাক, আনুশকার ভেতর বেড়ে ওঠা আরও একটা জীবনের আগমনে দ্বিগুণ হোক এই প্রেম’। কেউ কেউ আবার মজার ছলে লিখেছেন- ‘ক্যাপ্টেন শুধু মাঠেই নন, মাঝ সমুদ্রেও সেরা পারফরম্যান্স দেন’।

মাত্র দুই ঘণ্টায় ইনস্টাগ্রামের এই ছবিতে লাইক পড়েছে প্রায় ১৮ লাখ। আরসিবি ভক্তরা ডিভিলিয়ার্সের কম প্রশংসা করেননি এই ছবিটি ফ্রেমবন্দি করবার জন্য। ছবির কমেন্টবক্সে ভালোবাসা উজাড় করে দিয়েছেন দক্ষিণ আফ্রিকার তারকা ব্যাটসম্যান। যেখানে অনুরাগীদের মন্তব্য ‘এবিডি সব কিছুতেই সেরা’।

অন্তঃসত্ত্বা স্ত্রীকে সঙ্গে নিয়েই আইপিএল খেলতে আরব আমিরাতে উড়ে গিয়েছিলেন বিরাট কোহলি। কারণ এই সময় আনুশকাকে কোনওভাবেই কাছ ছাড়া করতে চান না তিনি। শনিবার রাজস্থান রয়্যালসের বিরুদ্ধে ম্যাচ দেখতে মাঠে হাজির ছিলেন আনুশকা। জয় শেষে গ্যালারিতে হাসি মুখে টিম আরসিবির সমর্থনে হাততালি দিতে দেখা গেছে তাকে। প্রত্যেক ছবিতেই ঠিকরে পড়ছে আনুশকার মাতৃত্বকালীন আভা।

আরব আমিরাতে গিয়ে পর্যন্ত নিজের নানা মুহূর্তের ছবি ইনস্টাগ্রাম ওয়ালে পোস্ট করেছেন আনুশকাও। তবে সেখানে প্রথমবার কোহলির সঙ্গে একফ্রেমে পাওয়া গেল নায়িকাকে।

এবার বাপ্পীর নায়িকা দীঘি

২০১২ সালে ‘ভালোবাসার রঙ’ সিনেমার মধ্যেদিয়ে অভিনয় জগতে অভিষেক হয় বাপ্পী চৌধুরীর। বর্তমানে ঢাকাই চলচ্চিত্রের অন্যতম জনপ্রিয় নায়ক তিনি।

ক্যারিয়ারের শুরুতেই বেশ কিছু আলোচিত ছবি উপহার দিয়ে চলচ্চিত্রে নিজের অবস্থান পাকাপোক্ত করেন বাপ্পী। এরপর বেশ বেছে বেছে কাজ করছেন এ নায়ক।

অন্যদিকে, শিশুশিল্পী হিসেবে জনপ্রিয়তা পাওয়া প্রার্থনা ফারদিন দীঘি এরই মধ্যে নায়িকা হিসেবে চলচ্চিত্রে নাম লিখিয়েছেন। এবার ঢাকাই ছবিতে নতুন জুটি হতে যাচ্ছেন আলোচিত এই দুই তারকা।

গতকাল শনিবার ‘তুমি আছো তুমি নেই’ নামের একটি ছবিতে চুক্তিবদ্ধ হয়েছেন বাপ্পী ও দিঘী। গুণী নির্মাতা দেলোয়ার জাহান ঝন্টু পরিচালিত এই ছবি নির্মিত হচ্ছে এসকে ফিল্মস ইন্টারন্যাশনালের ব্যানারে। নতুন এই ছবিটির শুটিং শুরু হবে নভেম্বরের মাঝামাঝিতে।

জানা গেছে, আগামী মাসের মাঝামাঝি শুটিং শুরু হতে পারে। টানা শুটিংয়ের পরিকল্পনা আছে। এমনকি এক লটেই নাকি সিনেমার ক্যামেরা বন্ধ হবে। আর নতুন বছরে, অর্থাৎ ২০২১ সালের শুরুতেই ‘তুমি আছো তুমি নেই’ সিনেমাটি মুক্তি দেওয়া হবে।

এদিকে ‘৫৭০’ ছবির শুটিং ব্যস্ততায় থাকা বাপ্পী চৌধুরী বাংলাদেশ প্রতিদিনকে বলেন, ছবিটির গল্পের প্রয়োজনেই নির্মাতা ও প্রযোজক আমাকে আর দীঘিকে চুক্তিবদ্ধ করেছেন। আশা করি আমাদের নতুন এই জার্নি দারুন কিছুই হবে। দর্শকরা আমাদের নতুন রসায়ন দেখতে পাবেন।